



বাংলাদেশ কৃষি ব্যাংক

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

ই-মেইল : dgmrm@krishibank.org.bd

Phone:02-223384486

প্রকা/আরএমডি/অপারেশন-৩(BRMC)/২০২৩-২০২৪/ ৭৮

তারিখ : ০৬-০৮-২০২৩ খ্রিঃ

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
 - ০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
 - ০৩। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়।
 - ০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী CAMELS Rating ও Risk Management Rating এর মান সন্তোষজনক মানে উন্নীতকরণের লক্ষ্যে গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন ও পরিপালন প্রসঙ্গে।

মহোদয়,

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ২৭-১০-২০১৩ তারিখের বিআরপিডি সার্কুলার নং ১১ মোতাবেক ব্যাংকের বিভিন্ন কার্যক্রমের ঝুঁকি নিরূপণপূর্বক তা প্রশমনের কর্মপরিকল্পনা এবং গৃহীত পদক্ষেপ সময়ে সময়ে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি বরাবর উপস্থাপনের নির্দেশনা রয়েছে। তারই ধারাবাহিকতায় বাংলাদেশ কৃষি ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৩৬ তম সভা বিগত ২২-০৬-২০২৩ তারিখ ব্যাংকের বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

“বাংলাদেশ কৃষি ব্যাংকের বর্তমান CAMELS Rating, BASEL-III, Risk Management Rating ও Core Risk Rating এর মান অধিকতর উন্নত করার নিমিত্ত CAMELS Rating এর ৬টি ফ্যাক্টরের মধ্যে যে সকল ফ্যাক্টর অভ্যন্তরীণভাবে উন্নতি করার সুযোগ রয়েছে সে সকল ফ্যাক্টরের মান উন্নয়নে গৃহীত কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং এর পাশাপাশি যথাযথ গুরুত্ব প্রদানপূর্বক Effort Based CAMELS Rating এর মান উন্নত করতে হবে। এক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বিগত বছরের ধারাবাহিকতা অব্যাহত রেখে পূর্বের তুলনায় রেটিং আরো ভাল করার বিষয়ে সচেতন থাকতে হবে”।

ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে “CAMELS Rating ও Risk Management Rating এর মান পর্যায়ক্রমে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করণের লক্ষ্যে Capital Adequacy, Asset Quality, Earning Capacity, Liquidity Position এবং Management Efficiency আরও উন্নত করতে হবে। সে প্রেক্ষিতে গৃহীতব্য ব্যবস্থা নিম্নরূপ :

ক্রঃ নং	বিবরণ	সময়কাল	কার্যকরণ
ক)	(i) মূলধন ঘাটতি পূরণে ৫(পাঁচ) বছর মেয়াদে ব্যাংক রেটে ১০,০০০(দশ হাজার) কোটি টাকার বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদিত ঋণ মঞ্জুরির জন্য প্রয়োজনীয় উদ্যোগ; (ii) ব্যাংকের অনুমোদিত মূলধন ৫০০০ কোটি টাকায় উন্নীতকরণ এবং পরিশোধিত মূলধন ২৫০০ কোটি টাকায় উন্নীত করণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ/ কেন্দ্রীয় হিসাব বিভাগ
খ)	(i) ৩০ জুন ১৯৯৩ পর্যন্ত দাবীকৃত কৃষি ঋণের সুদ-হার হ্রাসজনিত এবং দিগুণের আওতায় সুদ ভর্তুকীর অবশিষ্ট ৫৩.৭৬ কোটি টাকা ছাড়করণে প্রয়োজনীয় উদ্যোগ; (ii) পর্যদ কর্তৃক অনুমোদিত ব্যাংকের দ্বিবার্ষিক পরিকল্পনা যথাশীঘ্র আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ এবং উহার যথাযথ বাস্তবায়ন।	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ/ লিয়াজে অফিসার
গ)	ব্যাংকের আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাসের মাধ্যমে লোকসান ক্রমান্বয়ে হ্রাস করতে পদক্ষেপসমূহ - (i) ঋণের সুদ আয় ও সুদ বহির্ভূত আয় বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ; (ii) Low Cost/ No Cost Deposit সংগ্রহের মাধ্যমে প্রতিটি শাখার Cost of Fund কমিয়ে আনার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ; (iii) ছোট/ বড় সম্বলী ও এসএনডি আমানত সংগ্রহে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ; (iv) গুণগত মান সম্পন্ন ঋণ বিতরণের প্রয়োজনীয় উদ্যোগ; (v) অবলোপনকৃত ঋণ আদায়ের মাধ্যমে আয় বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ; (vi) আদায়ের মাধ্যমে হ্রাসিত সুদ হতে আয় বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ; (vii) নিয়ন্ত্রণযোগ্য খাতে ব্যয় হ্রাস করার প্রয়োজনীয় উদ্যোগ।	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়

Sh.

ক্রঃ নং	বিবরণ	সময়কাল	কার্যকরণ
ঘ)	কৃষি ঋণসহ সকল ঋণে ঋণ বিতরণের নির্ধারিত ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। এ লক্ষ্যে - (i) বিশেষায়িত ব্যাংক হিসাবে কৃষি ঋণ বহুমুখীকরণের উদ্যোগ গ্রহণ; (ii) বিভাগীয় মহাব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক/ কর্পোরেট শাখা ব্যবস্থাপক/ শাখা ব্যবস্থাপকগণ কর্তৃক নিজ মঞ্জুরী ক্ষমতায় মান সম্পন্ন ঋণ বিতরণ বৃদ্ধি করা; (iii) নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ কর্তৃক বিতরণ কার্যক্রম দৈনিক/ সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিং ও মূল্যায়ন; (iv) এক্ষেত্রে, লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার কারণ অনুসন্ধান ও সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; (v) CMSME এবং চলতি মূলধন ঋণ বেশী পরিমাণে বিতরণের প্রয়োজনীয় উদ্যোগ।	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়
ঙ)	ঋণ আদায়ে বাৎসরিক লক্ষ্যমাত্রা অর্জন এবং শ্রেণিকৃত ঋণ স্থিতির হার স্ট্যান্ডার্ড পর্যায়ে নামিয়ে আনতে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে - (i) লক্ষ্যমাত্রা অনুযায়ী শ্রেণিযোগ্য ও শ্রেণিকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে; (ii) ব্যাংক বিধি মোতাবেক বাস্তবতার নিরীখে সুদ মওকুফের মাধ্যমে শ্রেণিকৃত ঋণ হ্রাস; (iii) অবলোপনযোগ্য ঋণ হিসাবসমূহ অবলোপনের প্রয়োজনীয় উদ্যোগ; (iv) অর্থঋণ আদালত/কোর্টের সাথে নিবিড় যোগাযোগ এর মাধ্যমে মামলা নিষ্পত্তি; (v) ADR এর মাধ্যমে মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় উদ্যোগ; (vi) বিভাগ/অঞ্চল/শাখা ভিত্তিক শীর্ষ-১০০ খেলাপি ঋণ গ্রহিতার তালিকাকরণ এবং দ্বি-পক্ষীয় আলোচনার মাধ্যমে ঋণ আদায়ের উদ্যোগ। প্রয়োজনে আইনী ব্যবস্থা গ্রহণ; (vii) জেলা/উপজেলা কৃষি ঋণ কমিটির সভা নিয়মিত আয়োজনের মাধ্যমে ব্যাংকের ঋণ কার্যক্রমকে বেগবান করা; (viii) স্থানীয় প্রশাসনের সাথে নিবিড় সম্পর্ক স্থাপনপূর্বক সার্টিফিকেট মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় উদ্যোগ; (ix) দৈনিক/সাপ্তাহিক ভিত্তিতে ঋণ আদায় কার্যক্রম মনিটরিং।	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়
চ)	অভ্যন্তরীণ নিরীক্ষা, বাংলাদেশ ব্যাংক বিশদ পরিদর্শন ও বাণিজ্যিক নিরীক্ষায় উত্থাপিত আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে- (i) অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক যথাসময়ে নিরীক্ষা কার্যক্রম সম্পন্নপূর্বক ভুলত্রুটি উদঘাটন ও সংশোধনের প্রয়োজনীয় উদ্যোগ; (ii) নিরীক্ষা আপত্তির পরিপালন জবাব যথাসময়ে প্রেরণ ও আপত্তি নিষ্পত্তির উদ্যোগ; (iii) বাংলাদেশ ব্যাংক ও বাণিজ্যিক নিরীক্ষার সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে নিরীক্ষা আপত্তি সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনা; (iv) বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তরের সাথে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তি দ্রুত নিষ্পত্তি করণ।	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়
ছ)	ব্যাংকের বড় গ্রাহক/ প্রাতিষ্ঠানিক গ্রাহকদের আমানত ও ঋণ সংশ্লিষ্ট কার্যক্রমে অধিকতর যত্নশীল হওয়া ও সতর্ক দৃষ্টি রাখা;	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়
জ)	ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে - (i) প্রতিটি শাখায়/ কার্যালয়ে দক্ষতা ও আন্তরিকতার সাথে সেবা প্রদান; (ii) প্রতিটি শাখায়/ কার্যালয়ে হেল্পডেস্ক স্থাপন; (iii) প্রতিটি শাখায়/ কার্যালয়ে অভিযোগ বাক্স স্থাপন; (iv) অভিযোগ নিষ্পত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়

SLA.

ক্রঃ নং	বিবরণ	সময়কাল	কার্যকরণ
বা)	সকল কোর রিফ এবং AML/CFT বিষয়ক কার্যক্রমের গতিশীলতা আনয়নের নিমিত্ত - (i) BAMLCO মনোনয়ন হালনাগাদ রাখা; (ii) AML/CFT বিষয়ে কর্মকর্তা/কর্মচারীগণের সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; (iii) নিয়মিত CTR/STR/SAR রিপোর্টকরণ; (iv) আমানত ও ঋণ হিসাবের CIF Update করণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; (v) AML/CFT বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ; (vi) AML/CFT সম্পর্কিত সকল নথি যথাযথভাবে সংরক্ষণ।	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	বুঁকি ব্যবস্থাপনা বিভাগ/ বিকেবি স্টাফ কলেজ
এঃ)	বুঁকি সংশ্লিষ্ট গাইডলাইনসমূহ সমন্বয়যোগ্য করার নিমিত্ত- (i) কোর রিফসহ বুঁকি সংশ্লিষ্ট সকল গাইডলাইন সংস্করণ/হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ; (ii) AML/CFT গাইডলাইন সংস্করণ/হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ।	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	বুঁকি ব্যবস্থাপনা বিভাগসহ সকল কোর রিফ সংশ্লিষ্ট বিভাগ
ট)	স্বল্প সময়ে এবং হয়রানি ব্যতিরেকে রেমিট্যান্স সেবা প্রদান। সে লক্ষ্যে - (i) শাখার অধিক্ষেত্রের আওতায় সকল প্রবাসী'র/ রেমিট্যান্স গ্রহণকারীর ডাটাবেইজ আপডেট; (ii) প্রবাসী ও তার আত্মীয় স্বজনদের সাথে নিয়মিত যোগাযোগ; (iii) বিভিন্ন উৎসবে প্রবাসী ও তার আত্মীয়-স্বজনের সাথে শুভেচ্ছা বিনিময়ের উদ্যোগ গ্রহণ; (iv) রেমিট্যান্স গ্রহণকারীদের মধ্যে পুরস্কার প্রদানের উদ্যোগ গ্রহণ।	৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়/ ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ

০৩। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে,



(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক
০৩/০৮/২০২৪

প্রকা/আরএমডি/অপারেশন-৩(BRMC)/২০২৩-২০২৪/৭৮(১২৫০)

তারিখ : ০৬-০৮-২০২৩

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। চীফ স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালন মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ৫। সচিব/ সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। নথি/ মহানথি।


(মোঃ শহিদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক